যুগান্তর

তারিখ 11 JAN 2000
পৃষ্ঠা ৩ কলাম ১

# রাজধানীর ২৪ সরকারি স্কুলে ভর্তি পরীক্ষা ৪ জানুয়ারি শুরু

## প্রতি আসনের বিপরীতে ৬ শিক্ষার্থী

যুগান্তর রিপোর্ট

রাজধানীর ২৪টি সরকারি স্কুলে মোট ৮ হাজার ৮৭টি আসনের বিপরীতে আবেদন করেছে ৪৮ হাজার ৫৩২ শিক্ষার্থী। অর্থাৎ প্রতি আসনের বিপরীতে ৬ শিক্ষার্থী ভর্তিযুদ্ধে অবতীর্ণ হচ্ছে। আগামী ৪ জানুয়ারি শুরু হবে এ যুদ্ধ। গত ১৪ ডিসেম্বর থেকে ২৭ ডিসেম্বর পর্যন্ত ভর্তি ফরম বিতরণ করা হয়।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের পরিচালক অধ্যাপক এম. শরীফ বুধবার জানান, সর্বোচ্চ স্বচ্ছতা, নিরপেক্ষতা এবং বস্তুনিষ্ঠভাবে খাতা মূল্যায়নের ব্যবস্থা করা হয়েছে। প্রশ্নপত্রও তৈরি হচ্ছে কঠোর গোপনীয়তার মধ্যে। যে

## ভর্তি : সরকারি স্কুলে

(৩য় পৃষ্ঠার পর)

কারণে মেধার সঠিক মূল্যায়নের মাধ্যমেই শিক্ষার্থীদের ভর্তির সুযোগ দেয়া হবে। তিনি বলেন, এবার 'কোড' পদ্ধতিতে ভর্তি পরীক্ষার খাতা মূল্যায়নের জন্য বিতরণ করা হবে। আর এক স্কুলের খাতা বিতরণ করা হবে আরেক স্কুলে। যে কারণে পরীক্ষার কোন খাতাটি কার এটা জানা সম্ভব হবে না।

২৪টি স্কুলকে এবারও যথারীতি 'ক', 'খ' ও 'গ' এই তিন গ্রুপে ভাগ করা হয়েছে। প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত বিভিন্ন শ্রেণীতে ভর্তি করা হবে শিক্ষার্থী। তবে কোন কোন স্কুলে তৃতীয় শ্রেণী থেকে ভর্তি করা হবে। ভর্তি পরীক্ষা বাংলা, ইংরেজি ও গণিত এ তিন বিষয়ে নেয়া হবে। 'ক' গ্রুপের স্কুলগুলোর পরীক্ষা ৪ জানুয়ারি, 'খ' গ্রুপের '৬' জানুয়ারি এবং 'গ' গ্রুপের পরীক্ষা ১০ জানুয়ারি অনুষ্ঠিত হবে। পরীক্ষা শেষে ১৪ জানুয়ারি ফল প্রকাশিত হবে। পরের দিনই শুরু হবে ভর্তি কার্যক্রম। প্রথম তিন দিন মেধা তালিকায় স্থানপ্রাপ্ত এবং পরের তিন দিন অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি করা হবে। তবে ২০ জানুয়ারির মধ্যে সব ধরনের ভর্তি কার্যক্রম শেষ করতে হবে।

জানা গেছে, 'ক' গ্রুপের স্কুলগুলোতে মোট ১৫ হাজার ১৭টি ফরম বিক্রি হয়েছে। আর এগুলোতে মোট আসন আছে ২ হাজার ৩৮১টি। 'ক' গ্রুপের স্কুলগুলোর মধ্যে গভ. ল্যাবরেটরি হাইস্কুলে ২৯৪টি আসন শূন্য আছে। এছাড়া মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৫৮টি, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৪০৬টি, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ে ১৮০টি, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৬৬টি, নিউ গভ. গার্লস হাইস্কুলে ২৭৭টি, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয়ে ২৪২টি এবং মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ২৫৮টি আসন রয়েছে বিভিন্ন শ্রেণীতে।

'খ' গ্রুপের স্কুলগুলোতে মোট ১৫ হাজার ৭৪৪টি ফরম বিক্রি হয়েছে। আর স্কুলগুলোতে মোট আসন আছে ২ হাজার ৪৩৮টি। এ গ্রুপের স্কুলগুলোর মধ্যে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ৩শ', নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৯৫, গভ. মুসলিম হাইস্কুলে ১৯৩, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৩৩১, শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ৩২০, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুলে ৩৩৫, ধানমণ্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ২৪৪ ও ধানমণ্ডি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৩২০টি আসন শূন্য রয়েছে।

'গ' গ্রুপের স্কুলগুলোতে মোট ১৭ হাজার ৭৯২টি ফরম বিক্রি হয়েছে। আর এসব শিক্ষা প্রতিষ্ঠানে মোট আসন আছে ৩ হাজার ২৬৮টি। এ গ্রুপের স্কুলগুলোর মধ্যে ধানমণ্ডি গভ. বয়েজ হাইস্কুলে ১৮০টি, আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৫৫, শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ২৪৬, টিকাটুলি কামরুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ২৯৮, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৩৫০, ঢাকা কলেজিয়েট স্কুলে ৪৪০, গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়ে ৩৯৯ ও তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ে ১ হাজার আসন শূন্য রয়েছে।